

2023/TDC(CBCS)/ODD/SEM/  
BNGHCC-502T/365

TDC (CBCS) Odd Semester Exam., 2023

BENGALI

( Honours )

( 5th Semester )

Course No. : BNGHCC-502T

( বাংলার সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো দুটি প্রশ্ন নিয়ে দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

UNIT—I

- ১। 'গৌড়' শব্দটির ব্যবহার প্রথম কোন্ গ্রন্থে পাওয়া যায়?  
পরবর্তীকালে কার রচনায় 'বঙ্গ' শব্দটিরও উল্লেখ পাওয়া যায়?
- ২। 'ভুক্তি' কাকে বলে? ভুক্তিপতিদের কী বলা হত?
- ৩। কোন্ শতকে পালবংশ প্রতিষ্ঠিত হয়? কোন্ পাল রাজার  
আমলে 'কৈবর্ত-বিদ্রোহ' সংঘটিত হয়েছিল?

UNIT—II

- ৪। বাংলা চৈতন্য জীবনীকাব্যের দুজন রচয়িতার নাম উল্লেখ করো।
- ৫। ‘মনসামঙ্গল’ কাব্যধারায় আদিকবিকে? এই ধারার পূর্ববঙ্গে জনপ্রিয়তা লাভ করা একজন কবির নাম উল্লেখ করো।
- ৬। ‘ধর্মমঙ্গল’ কোন্ অঞ্চলের ‘জাতীয় কাব্য’ হিসেবে পরিচিত? এই কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে?

UNIT—III

- ৭। রামমোহন রায়ের একটি সমাজ-সংস্কারমূলক গ্রন্থের নাম উল্লেখ করো। ‘সতীদাহ প্রথা’ কবে আইন করে নিষিদ্ধ ঘোষণা করা হয়?
- ৮। স্ত্রী-শিক্ষার বিস্তারে যুক্ত একজন ইংরেজ ব্যক্তির নাম উল্লেখ করো। ‘বেঙ্গল লেডিস সোসাইটি’ কে স্থাপন করেছিলেন?
- ৯। ‘রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ’ গ্রন্থটির রচয়িতা কে? রামতনু লাহিড়ীর জন্ম কত খ্রিস্টাব্দে হয়েছিল?

UNIT—IV

- ১০। ‘রাধী বঙ্কন উৎসব’টি কে, কেন প্রচলন করেছিলেন?
- ১১। বঙ্গভঙ্গের প্রেক্ষাপটে রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের দুটি প্রবন্ধের নাম উল্লেখ করো।
- ১২। বঙ্গভঙ্গের পটভূমিতে রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাসটির নাম উল্লেখ করো। উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

UNIT—V

- ১৩। ‘কল্লোল’ পত্রিকার লেখকদের মুখ্যত কোন্ গোষ্ঠী নামে অভিহিত করা হয়? এই গোষ্ঠীর একজন বিশিষ্ট লেখকের নাম লেখো।
- ১৪। প্রথম বিশ্বযুদ্ধ-পরবর্তীকালে রচিত বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের দুটি উপন্যাসের নাম উল্লেখ করো।
- ১৫। প্রথম বিশ্বযুদ্ধ-পরবর্তীকালের দুজন হাস্যরসশ্রষ্টা সাহিত্যশিল্পীর নাম উল্লেখ করো।

SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের উত্তর দাও:

১০×৫=৫০

UNIT—I

- ১৬। প্রাচীন যুগের বাংলার রাষ্ট্র-শাসনপ্রণালী সম্পর্কে আলোচনা করো।
- ১৭। বাংলা সাহিত্যের প্রাচীনতম পুঁথিটির অনুসরণে তৎকালীন বাঙালির সমাজজীবনের পরিচয় দাও।

UNIT—II

- ১৮। তুর্কি আক্রমণের পরবর্তীকালকে বাংলার ‘অন্ধকার যুগ’ হিসেবে চিহ্নিত করা যুক্তিযুক্ত কিনা, আলোচনা করো।
- ১৯। ‘মঙ্গলকাব্য’গুলোতে লোকায়ত সমাজ-মানসের যে পরিচয় পাওয়া যায় তা যে কোনো একটি ‘মঙ্গলকাব্য’ অবলম্বনে পর্যালোচনা করো।

UNIT—III

- ২০। উনিশ শতকের সমাজজীবনে ইংরেজি শিক্ষার বিস্তার সম্পর্কে আলোচনা করো।
- ২১। উনিশ শতকের নবজাগরণে 'ইয়ং বেঙ্গল' গোষ্ঠীর অবদান আলোচনা করো।

UNIT—IV

- ২২। বঙ্গভঙ্গের পটভূমি ও উদ্দেশ্যগুলো পর্যালোচনা করো।
- ২৩। বঙ্গভঙ্গের প্রতিক্রিয়ায় রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের স্বদেশী গানগুলো সম্বন্ধে আলোচনা করো।

UNIT—V

- ২৪। প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তীকালের যে কোনো দুজন নাট্যকারের নাটক সম্বন্ধে আলোচনা করো।
- ২৫। দুই বিশ্বযুদ্ধের মধ্যবর্তীকালে রচিত বাংলা উপন্যাসে মধ্যবিত্ত মানুষের মনস্তাত্ত্বিক জটিলতার যে চিত্রটি ফুটে উঠেছিল, যে কোনো দুটি উপন্যাস অবলম্বনে তা বুঝিয়ে দাও।

\*\*\*